



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax: 8189029.

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪৩.১২ - ২২১৭

তারিখ: ২৭/১০/২০১৪ খ্রিঃ।

বিষয়: প্রকল্পের কার্যক্রমে অবহেলা, অনিয়ম এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডের জন্য ব্যাখ্যা তলব।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” (সংশোধিত) মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পভুক্ত বেশির ভাগ উপজেলায় প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হলেও ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে না। উপজেলায় প্রকল্পের কার্যক্রমে অনিয়মের প্রেক্ষিতে মহাপরিচালক, বিআরডিবি মহোদয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় আপনি গত ১৭/০২/২০১৪ তারিখে বোরহানউদ্দিন উপজেলায় যোগদান করেন। যোগদানের পর হতে তদন্তকালীন সময় পর্যন্ত আপনি মাত্র ০৩ (তিন) টি সমিতি ০১ বার করে পরিদর্শন করেছেন। এ পর্যন্ত আপনি কোন সমিতি গঠন করেননি। প্রকল্প কার্যক্রমে আপনার গাফিলতির কারণে যথাযথ ভাবে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালিত হচ্ছে না। উপজেলার ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আপনার কোন ভূমিকা না থাকার কারণে ইতিপূর্বে বিতরণকৃত ১৬.০০ লক্ষ টাকার বিপরীতে মাত্র ৩.৯০ লক্ষ টাকা আদায় হয়েছে। উপজেলায় কিস্তি খেলাপীর পরিমাণ ১০.১৮ লক্ষ টাকা। সদস্যদের ঋণ চাহিদা থাকা সত্ত্বেও যোগদানের পর থেকে এ পর্যন্ত আপনি কোন ঋণ বিতরণ করেননি অথচ ঋণ তহবিলের ৮.০০ লক্ষ টাকা ব্যাংকে অলস পড়ে আছে যা কর্তব্যক্রমে আপনার অবহেলা ও নিষ্ক্রিয়তার প্রমাণ বহন করে। সদস্যদের যথাসময়ে আইজিএ প্রশিক্ষণ প্রদান না করে প্রশিক্ষণের অর্থ নিজের কাছে গচ্ছিত রাখেন। সমিতি পরিদর্শন, সমিতি গঠন, ঋণ বিতরণ এবং প্রকল্পের কাজে কোন ভূমিকা না থাকায় প্রকল্পের সার্বিক কার্যক্রমের অগ্রগতি ব্যাহত হচ্ছে। আপনি প্রকল্পের মোটরসাইকেল ব্যবহার না করেও জ্বালানি বাবদ বরাদ্দকৃত অর্থ এবং কোন চিঠিপত্র ডাউনলোড না করেও ইন্টারনেট বিল বাবদ বরাদ্দকৃত অর্থ উত্তোলন করে আত্মসাৎ করেছেন। এছাড়া উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নির্দেশনা যথাযথ ভাবে পালন করেন না মর্মে অভিযোগ পাওয়া যায়।

প্রকল্পের কাজের প্রতি চরম অবহেলা, দায়িত্বহীনতা এবং অফিস শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে কেন আপনাকে প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব আগামী ১০/১১/২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিলের জন্য বলা হলো। অন্যথায় একতরফাভাবে আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

২৭/১০/২০১৪ খিঃ

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

ফারহানা আক্তার
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,
ইরেসপো, বিআরডিবি,
উপজেলাঃ বোরহানউদ্দিন, জেলাঃ ভোলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪৩.১২ - ২২১৭
সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

তারিখ: ২৭/১০/২০১৪ খ্রিঃ।

১. উপপরিচালক, বিআরডিবি, ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস

মোঃ আবুল কালাম
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩